unesco

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.০০০.২৩.০০০১.২৫-৭১১

তারিখ: ১৮ই অগ্রহায়ণ ১৪৩২ / ০৩রা ডিসেম্বর ২০২৫

**বিষয়: লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড-২৬ এর রাজশাহী অঞ্চলের প্রতিযোগিতায় মেধাবী শিক্ষার্থীসহ অধিক সংখ্যক শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক তৃতীয়বারের মতো লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই ধারাবাহিকতায় আগামী **১৩/১২/২০২৫** তারিখ, **শনিবার**, রাজশাহী অঞ্চলের অংশগ্রহণকারী শিক্ষার্থীদের লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড প্রতিযোগিতার সময়সূচি নির্ধারণ করা হয়েছে। উক্ত প্রতিযোগিতা পরিচালনার জন্য রাজশাহী সরকারি মহিলা কলেজকে ভেন্যু হিসেবে নির্ধারণ করা হয়েছে। রাজশাহী অঞ্চলে আজ ০৩/১২/২০২৫ তারিখ পর্যন্ত ক-ক্যাটাগরি: ষষ্ঠ থেকে নবম শ্রেণি **৮৯** জন এবং খ-ক্যাটাগরি: দশম থেকে দ্বাদশ শ্রেণির **১৫৫** জন সর্বমোট **২৪৪** জন শিক্ষার্থী অনলাইনে রেজিস্ট্রেশন করেছে। অঞ্চল ভিত্তিক সর্বনিম্ন ৬০০+ শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করা আমাদের লক্ষ্য থাকায়, আরও শিক্ষার্থীর অনলাইনে রেজিস্ট্রেশন আবশ্যক। রাজশাহী অঞ্চলের শিক্ষার্থীরা অনলাইনে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইট www.imli.gov.bd-এ প্রবেশ করে আগামী **১১/১২/২০২৫** তারিখ পর্যন্ত রেজিস্ট্রেশন করতে পারবে।

২। বর্ণিত অবস্থায় রাজশাহী অঞ্চলের স্বনামধন্য স্কুল ও কলেজের মেধাবী শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

- রাজশাহী অঞ্চলের স্বনামধন্য স্কুল ও কলেজের ১০/১৫ জন করে মেধাবী শিক্ষার্থীসহ অধিক সংখ্যক শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করা।
- যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন করেছে, তাদের প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করা। (তালিকা প্রতিযোগিতার পূর্বে প্রেরণ করা হবে)

৬.১২.২০২৫

(অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান)
পরিচালক
ও
আহবায়ক
লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড বাস্তবায়ন কমিটি
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
ফোন: ০২-৮৩৯১৩৪৬
ই-মেইল: imli.moebd@gmail.com

পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
রাজশাহী অঞ্চল, রাজশাহী

দৃষ্টি আকর্ষণ: ১. আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
২. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী;